অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/14/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে 24 ঘন্টায় 100,000 COVID-19 টিকার ডোজ প্রদান করা হয়েছে

102,907 COVID-19 টিকার প্রথম এবং দ্বিতীয় ডোজ 24 ঘন্টার মধ্যে দেওয়া হয়েছে

কোমরবিটি এবং অন্তর্নিহিত অবস্থা সম্পন্ন ব্যক্তিরা রাষ্ট্রীয় গণ টিকাকরণ সাইটে অ্যাপয়েন্টমেন্টের সময়সূচী নির্ধারণ শুরু করতে পারেন

আজ সকাল 11টা পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা বিতরণের সাইটগুলি ফেডারেল সরকারের থেকে প্রাপ্ত মোট প্রথম ডোজের 89% প্রদান করেছে

রাজ্যের টিকা প্রোগ্রাম সম্পর্কে আপডেট প্রদান করতে টিকা ড্যাশবোর্ড প্রতিদিন আপডেট করা হবে ; ny.gov/vaccinetracker এ যান; ড্যাশবোর্ডে এখন জনসংখ্যাতাত্ত্বিক ডেটা অন্তর্ভুক্ত

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে গত 24 ঘন্টায় COVID-19 টিকার 102,907টি প্রথম এবং দ্বিতীয় ডোজ দেওয়া হয়েছে। সরবরাহকারীদের কাছে টিকা সরবরাহের ফেডারাল সরকারের সপ্তাহ 9 এর মোট বরাদ্দকরণ আজ সম্পন্ন হবে। আজ সকাল 11টা পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্য সেবা বিতরণ সাইটগুলি 2,192,675টি প্রথম ডোজ পেয়েছে এবং ইতিমধ্যেই 89 শতাংশ বা 1,957,681টি টিকার প্রথম ডোজ প্রদান করেছে এবং প্রথম ও দ্বিতীয় ডোজের 83 শতাংশ প্রদান করেছে। ফেডারেল সরকার থেকে 10ম সপ্তাহ বরাদ্দ সপ্তাহের মাঝামাঝি শুরু হয়।

"আমরা সংক্রমণের হার এবং টিকাকরণের হারের মধ্যে একটি ফুটরেসে আটকে আছি, এবং যখন আমরা নিউ ইয়র্কবাসীদের কঠোর পরিশ্রমের কারণে উভয় ক্ষেত্রেই উল্লেখযোগ্য অগ্রগতি করছি, কিন্তু আমরা সন্তুষ্ট হতে পারি না- এখন COVID এর সাথে উদ্ধত হওয়ার সময় নয়," **গভর্নর কুওমো বলেন।** "10 মিলিয়নের বেশি নিউ ইয়র্কবাসী এখন এই টিকার জন্য যোগ্য, আমাদের কাছে এমন পরিকাঠামো আছে যাতে এটি দ্রুত এবং ন্যায্যভাবে পরিচালিত হয়, কিন্তু সরবরাহের কারণে তা আটকে আছে। সৌভাগ্যক্রমে, এখন ওয়াশিংটনে সত্যিকারের নেতৃত্বের সাথে, আমরা সেই সরবরাহ বৃদ্ধি দেখতে শুরু করেছি এবং আশা করি নিউ ইয়র্ক COVID মুক্ত না হওয়া পর্যন্ত এই ধারা অব্যাহত থাকবে।"

'আমি কি যোগ্য' স্ক্রিনিং টুলটি কোমর্বিডিটি এবং অন্তর্নিহিত অবস্থা সহ ব্যক্তিদের জন্য আপডেট করা হয়েছে, এবং আগামী সপ্তাহগুলোতে নতুন অ্যাপয়েন্টমেন্টগুলো আসা মাত্র প্রদান করার ভিত্তিতে চালু করা হবে। আগামী সপ্তাহ থেকে শুরু করে স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলিও এই ব্যক্তিদের জন্য টিকার বরাদ্দকরণ পাবে। নিউ ইয়র্কবাসীরা তারা যোগ্য কি না তা নিম্নলিখিতগুলি ব্যবহার করে দেখাতে পারবেন:

- চিকিৎসকের চিঠি, অথবা
- চিকিৎসা সংক্রান্ত তথ্য যা কমোর্বিডিটির প্রমাণ দেয়, অথবা
- স্বাক্ষরিত সার্টিফিকেট

বর্তমানে আনুমানিক 10 মিলিয়ন নিউ ইয়র্কবাসী টিকা পাওয়ার যোগ্য। ফেডারেল সরকার পরের তিন সপ্তাহ ধরে সাপ্তাহিক সরবরাহ 20 শতাংশের বেশি বৃদ্ধি করেছে, কিন্তু নিউ ইয়র্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক এবং যোগ্য ব্যক্তিদের বৃহৎ জনসংখ্যা এখনও ফেডারেল সরকার থেকে আসা সরবরাহের থেকে অনেক বেশি। সীমিত সরবরাহের কারণে, নিউ ইয়র্কবাসীদের ধৈর্য ধরতে উৎসাহিত করা হচ্ছে এবং কোনো অ্যাপয়েন্টমেন্ট ছাড়া টিকাদান সাইটগুলোতে উপস্থিত না হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।
নিচের টিকাকরণ কর্মসূচীর সংখ্যাগুলি রাজ্যের টিকা কর্মসূচীর জন্য নিউ ইয়র্কে বণ্টন এবং বিতরণ করা ডোজের সংখ্যা, এবং ফেডারেল সরকারের দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটির কর্মসূচীর জন্য সংরক্ষিত ডোজ অন্তর্ভুক্ত করে না। আজ সকাল 11টা পর্যন্ত নিউ ইয়র্ক রাজ্যে রিপোর্ট করা সংখ্যাগুলির উপর ভিত্তি করে তথ্যগুলির বিশদ বিবরণ নিম্নরূপ: নিচে বরাদ্দের মোট সংখ্যা 9 সপ্তাহের বরাদ্দের 100 শতাংশকে অন্তর্ভুক্ত করে, যা আজ নিউ ইয়র্ক সরবরাহকারী সাইটে বিতরণ করা শেষ হবে। সপ্তাহ 9 এর মোট বরাদ্দেকরণ কিছু অতিরিক্ত টিকার ডোজ অন্তর্ভুক্ত যা ফেডারেল দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটি প্রোগ্রাম থেকে পুনরায় বরাদ্দ করা হয়েছে।

স্টেটব্যাপী বিশদ তথ্য

প্রাপ্ত প্রথম ডোজ -2,192,675
প্রদান করা প্রথম ডোজগুলি - 1,957,681; 89%
প্রাপ্ত দ্বিতীয় ডোজ - 1,178,350
প্রদান করা দ্বিতীয় ডোজ - 842,195

অঞ্চল	প্রাপ্ত মোট ডোজ (1ম ও 2য়)	প্রদান করা মোট ডোজ (1ম ও 2য়)	মোট ডোজের % যা প্রদান করা/প্রাপ্ত হয়েছে (1ম ও 2য়)
Capital Region	214,270	172,552	81%

Central New York	175,975	146,546	83%
Finger Lakes	202,135	177,546	88%
Long Island	418,005	358,825	86%
Mid-Hudson	316,155	249,035	79%
Mohawk Valley	95,255	72,354	76%
New York City	1,518,190	1,230,747	81%
North Country	104,715	96,677	92%
Southern Tier	105,035	95,317	91%
Western New York	221,290	199,077	90%
স্টেটজুড়ে/সমগ্র স্টেটে	3,371,025	2,798,676	83%

	স্বাস্থ্যসেবা বিতরণ সাইটের জন্য নিউ ইয়র্কে 1ম ডোজগুলি সম্পূর্ণরূপে সরবরাহ করা হয়েছে	**নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা বিতরণ সাইটগুলিতে 2য় ডোজগুলি সম্পূর্ণরূপে সরবরাহ করা হয়েছে**	**মোট**	**ক্রমবর্ধমান**
সপ্তাহ 1: ডোজ আসছে 12/14 – 12/20	90,675	0	90,675	প্রযোজ্য নয়
সপ্তাহ 2: ডোজ আসছে 12/21 – 12/27	392,025	0	392,025	482,700
সপ্তাহ 3: ডোজ আসছে 12/28 – 01/03	201,500	0	201,500	684,200
সপ্তাহ 4:	160,050	90,675	250,725	934,925

ডোজ আসছে 01/04 – 01/10				
সপ্তাহ 5: ডোজ আসছে 01/11 – 01/17	209,400	45,825	255,225	1,190,150
সপ্তাহ 6: ডোজ আসছে 01/18– 01/24	250,400	428,100	678,500	1,868,650
সপ্তাহ 7: ডোজ আসছে 01/25 – 01/31	250,400	160,450	410,850	2,279,500
সপ্তাহ 8: ডোজ আসছে 02/01 – 02/07	320,525	208,800	529,325	2,808,825
সপ্তাহ 9: ডোজ আসছে 02/8 – 02/14	317,700	244,500	562,200	3,371,025

আজ পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্য সেবা বিতরণ সাইটগুলি ফেডারেল সরকারের কাছ থেকে পাওয়া প্রথম ডোজের ৪৭ শতাংশ প্রদান করেছে কিন্তু ফেডারেল সরকারের সীমিত বরাদ্দের কারণে, অ্যাপয়েন্টমেন্টগুলি দ্রুত পূরণ হয়েছে। নিউ ইয়র্কবাসীরা যোগ্যতা নির্ধারণ করতে এবং একটি স্টেট পরিচালিত গণ টিকাদান সাইটে একটি অ্যাপয়েন্টমেন্টের সময়সূচি নির্ধারণ করতে, 'আমি কি যোগ্য (Am I Eligible)' ওয়েবসাইটে যান। নিউ ইয়র্কবাসীগণ অতিরিক্ত তথ্যের জন্য এবং

অ্যাপয়েন্টমেন্টের জন্য স্থানীয় স্বাস্থ্য বিভাগ, ফার্মেসি, ডাক্তার বা হাসপাতালে কল করতে পারেন যেখানে টিকা উপলব্ধ আছে।

COVID-19 টিকা ট্র্যাকার ড্যাশবোর্ড COVID-19 টিকা বিতরণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ প্রদানের জন্য উপলভ্য। নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) 24 ঘন্টার মধ্যে সকল COVID-19 টিকা প্রদানের তথ্য রিপোর্ট করা বাধ্যতামূলক করে টিকাদান সুবিধাগুলির জন্য; স্টেটের টিকাদান প্রচেষ্টার সব চেয়ে হালনাগাদকৃত মেট্রিক্স প্রতিফলিত করতে ড্যাশবোর্ডে টিকাদানের তথ্য প্রতিদিন আপডেট করা হয়।

যে নিউ ইয়র্কবাসীরা টিকা বিতরণ প্রক্রিয়ায় জালিয়াতি সন্দেহ করেন তারা এখন 833-VAX-SCAM (833-829-7226) টোল-ফ্রি নম্বরে কল করতে পারেন অথবা STOPVAXFRAUD@health.ny.gov এ স্টেটের স্বাস্থ্য বিভাগকে ইমেইল করতে পারেন। হটলাইন কর্মীরা যথাযথ তদন্তকারী সংস্থার কাছে অভিযোগ পাঠাবে যাতে নিউ ইয়র্কবাসীদের যাতে ঠকানো না হয় তা নিশ্চিত করা যায় যখন স্টেট সম্পূর্ণ যোগ্য জনসংখ্যাকে টিকা দেওয়ার জন্য কাজ করছে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন